গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১১৪.১৪.১৫৪.২৩- ৩৪৪

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩০ / ০৯ আগস্ট ২০২৩

## বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার ভিশন, মিশন ও কার্যাবলির সাথে সম্পর্কিত বিষয়ে মৌলিক গবেষণা কাজে জড়িত গবেষকদের উৎসাহ প্রদানের নিমিত্ত 'সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় গবেষণা মঞ্জুরি/অনুদান' প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশি গবেষকদের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে:

**০১. গবেষকের যোগ্যতা (অনুচ্ছেদ-৪ দ্রষ্টব্য):**

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অন্যান্য মন্ত্রণালয়/সরকারি দপ্তরে কর্মরত কর্মকর্তা, গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত সার্বক্ষণিক কর্মকর্তা মুখ্য গবেষক হিসেবে আবেদন করতে পারবেন।

(খ) যৌথভাবে আবেদনের ক্ষেত্রে গবেষণা-দলের প্রত্যেকের ভূমিকা (মুখ্য গবেষক, সহযোগী গবেষক, গবেষণা সহকারী) সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। গবেষকদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর, তবে সাহিত্য ও সংস্কৃতি, ভাষা, লোক সংঙ্গীত, দেশীয় ঐতিহ্য এসব ক্ষেত্রে/বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

(গ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর গবেষকদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য এবং প্রথাগত জ্ঞানের অধিকারী অভিজ্ঞ সর্বজন স্বীকৃত ব্যক্তিদের গবেষণা সহযোগী হিসেবে অন্তর্ভুক্ত করা হবে।

**০২. গবেষণা প্রস্তাবের ধরন (অনুচ্ছেদ-৫ দ্রষ্টব্য):**

গবেষণার জন্য অনুমোদিত বাজেট দ্বারা নিম্নলিখিত দুই ধরনের গবেষণা কার্যক্রম পরিচালিত হবে:

(ক) ক্ষুদ্র মৌলিক গবেষণা: অনূর্ধ্ব ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রাক্কলন সম্পন্ন গবেষণা, যা ০৬(ছয়) মাসের মধ্যে সম্পন্ন হবে এবং গবেষণা প্রস্তাব ৩০০০ (তিন হাজার) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

(খ) বৃহৎ মৌলিক গবেষণা: ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকার উর্ধ্বে প্রাক্কলন সম্পন্ন গবেষণা, যা ০৬(ছয়) মাসের উর্ধ্বে তবে ০২(দুই) বছরের মধ্যে সম্পন্ন হবে এবং গবেষণা প্রস্তাব ৫০০০ (পাঁচ হাজার) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

২১/০৮/২০২৩

**০৩. গবেষণা/সমীক্ষা প্রস্তাবের কাঠামো (অনুচ্ছেদ-৭ দ্রষ্টব্য):**

গবেষণা/সমীক্ষা প্রস্তাবের নির্ধারিত কাঠামো—

একটি গবেষণা প্রস্তাবের নির্ধারিত ফরম্যাট প্রধানত নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:

(ক) গবেষণার বিষয়ভিত্তিক একটি শিরোনাম;

(খ) ভূমিকা/গবেষণার সমস্যা;

(গ) গবেষণার যৌক্তিকতা;

(ঘ) গবেষণার উদ্দেশ্য;

(ঙ) গবেষণার পরিধি;
(চ) গবেষণা পদ্ধতি;
(ছ) গবেষণায় তথ্য ও উপাত্ত সংগ্রহের ক্ষেত্রসমূহ;
(জ) গবেষণা কার্যক্রমে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ;
(ঝ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (গ্যান্ট চার্টসহ);
(ঞ) তিনমাস অন্তর অগ্রগতি প্রতিবেদন দাখিল;
(ট) গবেষণা কার্যক্রমের পরিচালকের/গবেষকের জীবন বৃত্তান্ত;
(ঠ) প্রাক্কলিত ব্যয় বিভাজনসহ মোট প্রস্তাবিত বাজেট।

**০৪. সাধারণ শর্তাবলি (অনুচ্ছেদ-১৮ দ্রষ্টব্য):**

০৪.১ গবেষণা কার্যক্রমের প্রস্তাব অবশ্যই সুনির্দিষ্ট ফরমে ৫(পাঁচ) কপি ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে দাখিল করতে হবে। এ সংক্রান্ত ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে (www.moca.gov.bd);

০৪.২ এই বরাদ্দ হতে যানবাহন, আসবাবপত্র, ফ্রিজ, এয়ারকুলার অথবা এ ধরনের যন্ত্রপাতি ক্রয় এবং ভৌত কার্য সম্পাদন করা যাবে না।

০৪.৩ চুক্তিবদ্ধ বরাদ্দ থেকে স্বল্পমূল্যের যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ ও গবেষণা সংশ্লিষ্ট ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনে কিছু অর্থ (মোট বরাদ্দের সর্বোচ্চ ১০%) ব্যয় করা যাবে। তবে, গবেষণা প্রকল্প সমাপ্তিতে এরূপ ক্রয়কৃত যন্ত্রপাতি আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে সমর্পণ করতে হবে।

০৪.৪ গবেষণা কার্যক্রম বাস্তবায়নকালে ত্রুটি বা কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট গবেষণা/গবেষকের বিষয়ে নীতি অনুচ্ছেদ ১৭(খ) প্রযোজ্য হবে।

০৪.৫ অর্থবছরের শেষে বাস্তবায়নকারী সংস্থা সমুদয় অব্যয়িত অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিমান্ড ড্রাফট-এর মাধ্যমে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাতে সমর্পণ করবে।

০৪.৬ এই গবেষণা কার্যক্রমের অধীনে গ্রহণকৃত বরাদ্দের সাথে সম্পর্কিত নথি এবং একাউন্টসমূহ প্রচলিত পদ্ধতিতে নিরীক্ষিত হবে।

০৪.৭ এ নীতিমালার আওতায় সম্পাদিত গবেষণা ফলাফল/প্রতিবেদন প্রকাশনার ক্ষেত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আর্থিক অনুদানের বিষয়টি উল্লেখ (acknowledge) করতে হবে।

০৪.৮ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় গবেষণা সম্পর্কিত তথ্য/উপাত্ত/নকশা/ বিনির্দেশ যে কোন সময় আহ্বান ও প্রাপ্তির ক্ষমতা সংরক্ষণ করবে এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুরোধে বাস্তবায়নকারী সংস্থা/গবেষকগণ তথ্যসমূহ প্রেরণ করতে বাধ্য থাকবে।

০৪.৯ বাস্তবায়নকারী সংস্থা/গবেষকগণ অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে (sub-contract) গবেষণাকর্ম সম্পন্ন করানোর ক্ষমতা প্রাপ্ত হবে না।

০৪.১০ এই গবেষণার নিয়মিত কাজগুলো সম্পাদনের জন্য কোনো জনবল নিয়োগ করা যাবে না। শুধু মাঠকর্ম, তথ্য সংগ্রহ, বিশ্লেষণের জন্য গবেষণা কর্মসূচির প্রস্তাবনায় সুনির্দিষ্টভাবে উল্লেখ করা থাকলে নির্দিষ্ট সময়ের জন্য দৈনিক মজুরিভিত্তিক জনবল নিয়োগ করা যেতে পারে। এই ক্ষেত্রে নিয়োগকৃত দৈনিক মজুরিভিত্তিক জনবল কোনোভাবেই সরকারি কর্মকর্তা/ কর্মচারী হিসেবে গণ্য হবে না।

০৪.১১ গবেষণা কার্যক্রমের প্রস্তাব দাখিলের সময়ে প্রস্তাবিত গবেষণা কার্যক্রমের বাস্তবায়ন অঞ্চল/এলাকা প্রযোজ্য ক্ষেত্রে জেলা, উপজেলা, ইউনিয়ন, গ্রাম, মৌজাসহ সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪.১২ গবেষণা কার্যক্রম সম্পর্কিত কর্মসূচি নির্বাচিত হবার পর, সংশ্লিষ্ট গবেষক সরকার নির্ধারিত মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠানের প্রধানের দ্বারা যথাযথভাবে প্রতিস্বাক্ষর করা একটি চুক্তি সম্পাদন করবেন। চুক্তি সম্পাদনের পূর্বে কোনভাবেই অর্থ ছাড় করা হবে না।

০৪.১৩ গবেষণা কার্যক্রম সম্পর্কিত কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটিসমূহের সদস্যদের সম্মানী, ভ্রমণভাতা, দৈনিকভাতা, নিরীক্ষা ও বিজ্ঞাপনের জন্য গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫% বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যয়িত হবে।

০৪.১৪ প্রতিষ্ঠান/সরকারি সংস্থা তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে গবেষণা কার্যক্রমের প্রস্তাব জমা প্রদান করবে।

০৪.১৫ এই নীতিমালার আওতায় গবেষণা মঞ্জুরি প্রাপ্ত প্রতিষ্ঠান সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কর পরিশোধ করবে।

০৪.১৬ কর্মসূচির ফলাফল (Impact) মূল্যায়ন করা হবে।

০৪.১৭ যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ছাড়কৃত অর্থ যথাযথভাবে গবেষণা সংশ্লিষ্ট কাজে ব্যয় না করেন, কিংবা অনিয়ম বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন, তাহলে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া যাবে।


স্বা:
(রাজীব কুমার সরকার)
উপসচিব
ফোন: ৫৫১০১১১৪
ই-মেইল: ds.section6@moca.gov.bd


স্মারক: ৪৩.০০.০০০০.১১৪.১৪.১৫৪.২৩- ৩৪৪

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩০ / ০৯ আগস্ট ২০২৩

জ্ঞাতার্থে ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০১। অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। উপসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
০৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। অফিস কপি ও মাস্টার ফাইলে সংরক্ষণ কপি


(রাজীব কুমার সরকার)
উপসচিব